

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 08.12.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) আবাস যোজনা প্রকল্পে উপভোক্তাদের বাড়ি তৈরির টাকা দেওয়ার আগে পরিচয় সহ অন্যান্য নথি আর এক দফা খতিয়ে দেখতে রাজ্যের প্রতিটি পঞ্চায়েতে বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে।
- ২) রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির অধিকাংশতেই স্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস সম্মতি দিয়েছেন।
- ৩) ভোটার তালিকার সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী-২০২৫-এর বিশেষ প্রচারের আজ শেষ দিন।
- ৪) পশ্চিমবঙ্গে রাজ্যসভার একটি শূন্য আসনে উপনির্বাচনের জন্য মনোনয়ন পেশের কাজ শুরু হয়েছে।
- ৫/ বাংলাদেশের ঘটনায় এরাজ্যের মানুষকে পথে নেমে প্রতিবাদ গড়ে তুলতে হবে বলে বিজেপি দাবি করেছে। # ঢাকায় ফের একটি ইঙ্কন মন্দিরে অগ্নি সংযোগের ঘটনায় ইঙ্কনের পক্ষ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে।
- ৬) ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পঞ্চম দিনে আজ সকালেই নবনে শতবার্ষিকী সম্মাননা বিভাগে দেখানো হবে একাধিক বিদেশী ছবি।

\*\*\*\*\*

আবাস যোজনা প্রকল্পে উপভোক্তাদের বাড়ি তৈরির টাকা দেওয়ার আগে পরিচয় সহ অন্যান্য নথি আর এক দফা খতিয়ে দেখতে রাজ্যের প্রতিটি পঞ্চায়েতে বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে। ওই শিবিরে গিয়ে সংশ্লিষ্ট উপভোক্তা নিজের নাম ব্যক্তের সমস্ত তথ্য যাচাই করে সম্মতি দেওয়ার পর পোর্টালে উপভোক্তা নামের সঙ্গে তার আধার নম্বরে সংযুক্তিরণ করা হবে। উপভোক্তার পরিচয় নিশ্চিত করতে বায়মেট্রিক ব্যবস্থা রাখা হবে। এছাড়াও যে মোবাইল নাম্বরের সঙ্গে আধার কার্ডের সংযুক্তিরণ করা রয়েছে, সেই মোবাইল নম্বরে ওটিপি-র মাধ্যমে পরিচয় যাচাই করা হবে। সম্পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আবাসের চূড়ান্ত নামের তালিকায় সংশ্লিষ্ট ব্যক্তির নাম তোলা হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য ১৫-ই ডিসেম্বরের পর আবাসের টাকা বিলি করা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগেই ঘোষণা করেছেন।

\*\*\*\*\*

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির অধিকাংশতেই স্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস সম্মতি দিয়েছেন।

রাজ্যবন সূত্রে খবর, ৩৬টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে রাজ্যপাল ৩৪টি বিশ্ববিদ্যালয়ের জন্য স্থায়ী উপাচার্যদের নিয়োগপত্রে স্বাক্ষর করেছেন।

প্রথম পর্যায়ে প্রেসিডেন্সি, বর্ধমান, বাঁকুড়া, কল্যাণী, সিধু-কানহো-বিরসা এবং রানি রাসমণি গ্রীণ বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্যের নাম প্রকাশে এসেছে। প্রেসিডেন্সির উপাচার্য করা হয়েছে নির্মাল্যনারায়ণ চক্রবর্তীকে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দায়িত্বে শক্রকুমার নাথ, বাঁকুড়ায় রূপকুমার বর্মণ, কল্যাণী বিশ্ববিদ্যালয়ে কল্লোল পাল, সিধু-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়ে পবিত্রকুমার চক্রবর্তী এবং রানি রাসমণি গ্রীণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য করা হয়েছে অমিয়কুমার পণ্ডিকে।

স্থায়ী উপাচার্য নিয়োগের জট কাটার পরই রাজ্যপালের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। নতুন উপাচার্যদেরও শুভেচ্ছা জানান তিনি।

\*\*\*\*\*

যাত্রী সুরক্ষা ও রাস্তায় যানজট এড়াতে রাজ্য সরকারের পরিবহন দপ্তর বেশ কিছু নির্দেশিকা জারি করেছে। ঐ নির্দেশিকায় বলা হয়েছে পরিষেবা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য প্রতিটি বাসে বাধ্যতামূলকভাবে অভিযোগ বাক্স রাখার পাশাপাশি স্টপেজে যাত্রী তোলার জন্য এক মিনিটের বেশি বাস দাঁড়ালে জরিমানা করা হবে। চালক, কড়াস্টারদের নিয়োগের ক্ষেত্রে তাদের অতীত অভিজ্ঞতা বা তাদের বিরুদ্ধে অভিযোগের বিষয়টি বাস মালিককে খতিয়ে দেখতে হবে। চালকদের লাইসেন্সের কপি বাসে আটকে রাখতে নির্দেশ দেওয়া হয়েছে।

বাস নিয়ে রাস্তায় নামার সময় রাজ্য সরকারের অ্যাপে তুকে QR কোড স্ক্যান করে গাড়ি চালু করতে হবে বলে নির্দেশিকায় জানানো হয়েছে।

\*\*\*\*\*

ক্ষুদ্র, মাঝারি ও অতি ক্ষুদ্র শিল্পে রাজ্যের উত্তরবঙ্গের তিন জেলা থেকে ৮০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে।

মালদা কলেজ অডিটোরিয়ামে গতকাল আয়োজিত সিনারজি কনক্লেভ-এ মালদা ছাড়াও দুই দিনাজপুরের প্রায় ৭০০ শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই তারা এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে।

এই তিন জেলায় শিল্পের উন্নয়নে এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন শিল্প উদ্যোগীকে ৪ হাজার ৪৪২ কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া ছাড়াও রাজ্য সরকারের বাংলাশ্রী প্রকল্পে ৪১ টি ইউনিটকে ভর্তুকি বাবদ ১৫ কোটি ৮১ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

এছাড়াও ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পে ৯৫ কোটি ৩৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে বলে সরকারিভাবে জানানো হয়েছে।

\*\*\*\*\*

সংশোধিত, সংযোজিত ভোটার তালিকা প্রকাশের উদ্দেশে নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী ২০২৫ গত ১২ নভেম্বর থেকে শুরু হয়েছে, চলবে আগামী ১২ ডিসেম্বর পর্যন্ত।

এই কর্মসূচিতে আজ রবিবার বিশেষ প্রচারের শেষ দিন।

‘১৮-র Power গড়বে বাংলার Future’- এই জ্ঞাগানকে সামনে রেখে সকাল ৬ টায় কলকাতার পুলিশ Athletic Club থেকে ৫ কিলোমিটার দৌড় এবং ১০ কিলোমিটার

সাইকেল দৌড়ের আয়োজন করা হয়েছে। এই প্রচার কর্মসূচীর সূচনা করবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব।

কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক Vibhu Goyel ওই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গে, রাজ্যসভার একটি শূন্য আসনে উপনির্বাচনের জন্য মনোনয়ন পেশের কাজ চলছে। ১০ই ডিসেম্বর পর্যন্ত রাজ্য বিধানসভায় ওই নির্বাচনের মনোনয়নপত্র জমা নেওয়া হবে। ১১ই ডিসেম্বর জমা করা মনোনয়ন পত্র পরীক্ষা করে দেখা হবে। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ১৩ই ডিসেম্বর। একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলে ২০ ডিসেম্বর ভোটগ্রহণ হবে বলে জানানো হয়েছে। না হলে ১৩ তারিখেই বিজয়ী প্রার্থীর নাম ঘোষণা করে দেওয়া হবে।

উল্লেখ্য তৃণমূল কংগ্রেসের জহর সরকার পদত্যাগ করায় রাজ্যসভার একটি আসনে উপনির্বাচন অনিবার্য হয়ে পড়ে।

আসন্ন রাজ্যসভা উপ-নির্বাচনে তৃণমূল কংগ্রেস ঝুতৰুত বন্দ্যোপাধ্যায়কে প্রার্থী করছে। বর্তমানে তিনি দলের শ্রমিক সংগঠন আই এন টি টি ইউ সি-র রাজ্য সভাপতি পদে রয়েছেন।

\*\*\*\*\*

বাংলাদেশের ঘটনায় এরাজ্যের মানুষকে পথে নেবে প্রতিরোধ গড়ে তুলতে হবে বলে বিজেপি দাবি করেছে। দলের মুখ্যপাত্র শমীক ভট্টাচার্য বলেন, কোন রাষ্ট্রের পক্ষে অন্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করা এক্তিয়ার বহির্ভূত। তাই কেন্দ্রীয় সরকার কি করছে সেদিকে না তাকিয়ে এরাজ্যের বাঙালিদের পথে নেমে প্রতিবাদ করতে হবে।

(বাইট - শমীক)

এদিকে, বাংলাদেশে ঢাকায় ফের একটি ইসকন মন্দিরে অগ্নিসংযোগের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস। এক বেসরকারি টিভি চ্যানেলে ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, ওই অগ্নিসংযোগ এর ঘটনায় ওই মন্দির ও বিগ্রহ নষ্ট হয়েছে। বাংলাদেশের ইসকন কর্তৃপক্ষ সে দেশের সরকারের সঙ্গে সর্বদা যোগাযোগ রাখছে বলে তিনি জানান।

এব্যাপারে বাংলাদেশ সরকার নিরাপত্তার আশ্চর্ষ দিয়েছে এবং ইসকনের বড় বড় মন্দিরে নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*

বাংলাদেশে হিন্দুদের ওপর অত্যাচার ও ইসকনের মহারাজ চিন্ময় প্রভুর গ্রেণ্টারের প্রতিবাদে ও অবিলম্বে তার মুক্তির দাবিতে নদিয়ার রানাঘাটে গতকাল প্রতিবাদ মিছিলে সামিল হয় হিন্দু সনাতনী সম্প্রদায়ের মানুষজন। বিকেলে রানাঘাট ফ্রেন্ডস ক্লাব ময়দান থেকে হিন্দু সনাতনীদের এই মিছিল রানাঘাটের বিভিন্ন রাস্তা ঘুরে রানাঘাট কলেজ প্রাঙ্গনে শেষ হয়। এদিনের এই মিছিলে পা মেলান রাজ্য BJP এর প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ, রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার, চাকদার বিধায়ক বন্ধিম ঘোষ, রানাঘাট উত্তর পূর্বের বিধায়ক অসীম বিশ্বাস সহ একাধিক বিজেপি নেতা কর্মী।

\*\*\*\*\*

এক মহিলাকে ধর্ষণের অভিযোগে রজত দত্ত নামে বছর ৬০ এর এক বৃন্দকে গ্রেণ্টার করেছে বর্ধমান মহিলা থানার পুলিস। কলকাতার সিঁথি থানা এলাকার বাসিন্দা ওই ব্যক্তি বর্ধমান থানা এলাকায়, ভাড়াবাড়িতে থাকতো। গতকাল ভোররাতে তাকে গ্রেণ্টার করা হয়।

ধূতকে গতকালই বর্ধমান সিজেএম আদালতে পেশ করা হলে বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়ে ২১ ডিসেম্বর ফের আদালতে পেশের নির্দেশ দেন সিজেএম। পুলিস জানিয়েছে, ধর্ষিতা মহিলা ও অভিযুক্ত একই বাড়িতে ভাড়া থাকত। গত ১২ সেপ্টেম্বর মহিলা বাড়িতে একা থাকার সুযোগে অভিযুক্ত তাঁকে ধর্ষণ করে বলে অভিযোগ। মহিলার কিছু আপত্তিকর ছবিও নিজের মোবাইলে তুলে রাখে সে। প্রথমদিকে ভয়ে এবং লজ্জায় মহিলা কোথাও অভিযোগ করেন নি। পরে তিনি বর্ধমান সিজেএম আদালতে মামলা করেন। সিজেএম কেস রুজু করে তদন্তের জন্য মহিলা থানার আইসিকে নির্দেশ দেন।

\*\*\*\*\*

কলকাতার হেস্টিংস থানা এলাকার ডি এল খান রোডে গতকাল রাত ৯টা নাগাদ একইসঙ্গে দু-তিনটে গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে একে অপরকে ধাক্কা মারে। ঘটনাস্থল থেকে

একটি গাড়িকে রেকার-এ করে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। হতাহতের কোনো খবর নেই বলে পুলিশ জানিয়েছে।

অপরদিকে কালিঘাট এলাকার মদন পাল লেনে গতরাতে একটি বহু পুরোনো দোতলা বাড়ির একাংশ ভেঙে পড়ে। দমকল কর্মী এবং স্থানীয় বাসিন্দারা ওই বাড়ির বাসিন্দাদের দ্রুত উদ্ধার করে। তবে হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।

\*\*\*\*\*

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রকের অধীন নেহেরু যুবক কেন্দ্র, পশ্চিম মেদিনীপুর শাখার উদ্যোগে গতকাল, মেদিনীপুর সিটি কলেজে, জেলা স্তরের যুব উৎসব 2025 অনুষ্ঠিত হয়েছে। এই যুব উৎসবের মূল উদ্দেশ্য হচ্ছে জেলার যুব প্রতিভাকে অন্বেষণ করা এবং তাদের তুলে এনে, জেলা থেকে রাজ্যস্তর এবং পরে রাজ্য থেকে জাতীয় স্তরে পৌঁছে দেওয়া। ১২ই জানুয়ারি জাতীয় যুব দিবসের দিনে দিল্লিতে অনুষ্ঠিত যুব উৎসবে জাতীয়স্তরে সফল প্রতিযোগীরা অংশগ্রহণ করবে বলে জানিয়েছেন নেহেরু যুব কেন্দ্র পশ্চিম মেদিনীপুরের আধিকারিক সাথী রায়।

\*\*\*\*\*

রাজ্য এখনও তেমনভাবে শীতের আমেজ অনুভূত না হলেও আগামী সপ্তাহের মাঝামাঝি থেকে তাপমাত্রা কমবে বলে জানিয়েছেন আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত।

(বাইট - সোমনাথ)

\*\*\*\*\*

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পঞ্চম দিনে সকালেই নন্দনে শতবার্ষিকী সম্মাননা বিভাগে দেখানো হবে মার্লোন ব্র্যান্ডো অভিনীত ১৯৭২ সালে তৈরি আমেরিকা যুক্তরাষ্ট্রের ছবি 'দি গডফাদার', সিনেমা ইন্টারন্যাশনাল বিভাগে এই বছরের তৈরি ফ্রান্সের ছবি The Shameless, The most precious of cargos এবং স্পেনের ছবি The Room next door ছবিগুলি।

এছাড়াও বিকেলে শিশির মধ্যে একটি বিশেষ আলোচনা সভায় নাট্য অভিনেতা জব্বার প্যাটেলের সঙ্গে আলোচনায় অংশ নেবেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সমালোচক

শমিক বন্দ্যোপাধ্যায়। এছাড়াও একতারা মুক্তমধ্যে আজ সিনে আড়ার বিষয় “ এ ট্রিবিউট টু লিজেন্ডারি মিউজিক ডিরেক্টরস”।

\*\*\*\*\*

